# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


স্মারক নং- বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-২৯/৬২৪৬/৮ তারিখঃ ০৬.০৫.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নম্বর- প্রশা/২৩৩১৮১১১৩১৫১/৩১৩৬/৭; তারিখঃ ৩০/১০/২০১৮
২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৫.৬১১৩.০০১.৪১.০০১.১৮-৯৪৯; তারিখ: ১৮/১২/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসার এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে জনাব মো: বাহারুল ইসলাম ফকির একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি সভাপতি হিসেবে মনোনীত জনাব মো: মোয়াজ্জেম হোসেন মজনু এর বিরুদ্ধে দূর্নীতি, আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত, মাদ্রাসার টাকা আত্মসাৎ, ভারপ্রাপ্ত সুপার নিয়োগে অনিয়মের বিষয়ে উল্লেখ করেছেন। অভিযোগকারী ২৭/১২/২০১৮ তারিখে একই বিষয়ে আরোও একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের বিষয়ে সূত্রোক্ত ০১ (এক)নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ভালুকা, ময়মনসিংহকে তদন্ত দেয়া হয়েছিল। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ০২(দুই) নং স্মারকের মাধ্যমে প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তকারী কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগকারী জনাব মো: বাহারুল ইসলাম ফকির তদন্ত সঠিক হয়নি মর্মে পুনরায় অনলাইনে আবেদন করেন। কারণ হিসেবে তিনি উল্লেখ করেন যে, তদন্তকারী কর্মকর্তা সরেজমিনে তদন্ত না করে তার কার্যালয়ে ডেকে একতরফাভাবে নিজের মনগড় প্রতিবেদন প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগসহ সার্বিক বিষয়ে পুনরায় উচ্চতর তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৪ (চার) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৬.০৫.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জেলা প্রশাসক
ময়মনসিংহ।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-২৯/ তারিখঃ .০৫.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৪. সভাপতি, কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ।
৫. সুপার, কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ।
৬. জনাব মো: বাহারুল ইসলাম ফকির, পিতা মৃত: ছাবেদ আলী ফকির
গ্রাম: কাতলামারী, ডাকঘর: আংগারগাড়া, উপজেলা: ভালুকা, জেলা: ময়মনসিংহ।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ময়মনসিংহ-২৯.doc

বাংলাদেশ জাতীয় সংসদ
Bangladesh National Parliament

Kazim Uddin Ahmed
Member of Parliament
156, Mymensingh-11, Bhaluka
Bangladesh National Parliament
Member, Standing Committee on Ministry of Industry

কাজিম উদ্দিন আহম্মেদ
সংসদ সদস্য
১৫৬, ময়মনসিংহ-১১, ভালুকা
বাংলাদেশ জাতীয় সংসদ
সদস্য, শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি

ডিও নং- বাজাসস/১৫৬-ময়মন-১১/০০০৮৫/০৭/০৪/১৭ তারিখ: ০৭/০৪/২০১৭

বিষয়ঃ দাখিলকৃত প্রক্রিয়াধীন এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।

প্রিয় চেয়ারম্যান

শুভেচ্ছা নিবেন। আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন কাতালামারী ইসলামিয়া দাখিল মাদ্রাসা কোড নং-১২১৯৯, ইননং-১১১৩১৫ এর এহডক কমিটি গঠনের জন্য সদস্যদের তালিকা ও প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ০৯/০৯/২০১৮ইং তারিখে অনলাইনে প্রেরন করা হয়েছে। স্মরক নং-উমাশিঅ/ভালুকা/২০১৮/৪৩৬, তাং ১৩/১২/২০১৮ এবং স্মরক নং- ০৫.৪৫.৬১১৩.০০১.৪১.০০১.১৮-৯৪৯, তাং-১৮/১২/২০১৮ মোতাবেক বাদী কর্তৃক আনিত অভিযোগসমূহ সঠিক নয় বলে প্রতিয়মান হয়েছে। অত্র প্রতিষ্ঠানে এডহক/ম্যানেজিং কমিটি না থাকায় প্রতিষ্ঠানটি সুষ্ঠু পরিচালনায় বিঘ্ন ঘটছে।

এমতাবস্থায়, উল্লেখিত বিষয়ের আলোকে উক্ত মাদ্রাসাটি সুষ্ঠু পরিচালনার লক্ষ্যে দাখিলকৃত প্রক্রিয়াধীন এডহক কমিটি অনুমোদন করে ছাড় করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে

০৭/০৪/১৭
কাজিম উদ্দিন আহমেদ এম.পি
১৫৬, ময়মনসিংহ-১১

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

E- 111315

রেজিস্ট্রার
দপ্তর
কম্পিউটার কেন্দ্র

Address:
Building No-02, Flat No-703, NAM Building, Manik Miah Avenue, Sher-e-Banglanagar, Dhaka-1207
Mobile +8801711600257, E-mail: kazimuddinahmed2020@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারকনং- ০৫.৪৫.৬১১৩.০০১.৪১.০০১.১৮- ৯৪৯ | তারিখঃ ১৮/১২/২০১৮ খ্রিঃ।

বিষয় ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর ৩০/১০/২০১৮ খ্রিঃ তারিখের বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১১১৩১৫১/৩১৩৬/৭ নথি নং-ময়মনসিংহ-২৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ বাহার ইসলাম ফকির, পিতামৃত-ছাবেদ আলী ফকির, গ্রাম-কাতলামারী, ডাকঘর-আঙ্গারগাড়া, ভালুকা, ময়মনসিংহ কর্তৃক দাখিলকৃত "ভালুকা উপজেলার কাতলামারী ইসলামিয়া দাখিল মাদ্‌রাসার এডহক কমিটির সভাপতি হিসাবে মনোনীত জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন মজনু এর বিরুদ্ধে দূর্নীতি, আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত, মাদ্‌রাসার টাকা আত্মসাৎ, ভারপ্রাপ্ত সুপার নিয়োগে অনিয়ম" সংক্রান্ত অভিযোগটি সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহকে দায়িত্ব প্রদান হলে তিনি একটি প্রতিবেদন অত্র কার্যালয়ে দাখিল করেন। উক্ত প্রতিবেদনের সহিত নিম্নস্বাক্ষরকারী একমত পোষণ করতঃ মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ১১(এগার)টি পাতা।

১৮/১২/১৮
(মাসুদ কামাল)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।

রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড,
ঢাকা।

১৮/১২/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
ভালুকা, ময়মনসিংহ।
E-mail : useovhaluka@gmail.com, Phone : 0902256184

জরুরী/অতীব জরুরী

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
প্রাপ্তি নং: ........
তারিখ: ১৭/১২/১৮
প্রাপক: ........
স্বাক্ষর: ........
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উমাশিঅ/ভালুকা/২০১৮/৪৩৬ তারিখ ঃ ১৩/১২/২০১৮ খ্রিঃ।

বিষয় ঃ কাতলামারী ইসলামিয়া দাখিল মাদরাসা, ভালুকা, ময়মনসিংহের তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ ০৫.৪৫.৬১১৩.০০১.৪১.০০১.১৮-৮৫০, তারিখ ঃ ০৬/১১/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ বাহারুল ইসলাম ফকির কর্তৃক কাতলামারী ইসলামিয়া দাখিল মাদরাসা, ভালুকা, ময়মনসিংহের এডহক কমিটি গঠনের অভিযোগের প্রেক্ষিতে ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখ তদন্ত কার্যক্রম পরিচালনা করা হয়। তদন্তকালে মাদরাসার ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি, সুপার ও অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। তদন্তে প্রাপ্ত সকল তথ্যাদি নিম্নে প্রদান করা হলো ঃ-

| ক্রম | অভিযোগের বিষয় | জবাব | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | নিয়মিত ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হওয়ার পূর্বে কমিটি গঠন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ না করা সংক্রান্ত। | নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে মাদরাসার সুপার লিখিত বক্তব্যে জানান যে, মেয়াদ উত্তীর্ণের পূর্বেই নিয়মিত কমিটি গঠনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। (কপি সংযুক্ত)। | বিগত কমিটির সম্মানিত সভাপতি সাহেবের অসহযোগিতার কারণে নিয়মিত কমিটি গঠন করা সম্ভব হয়নি। |
| ০২ | ফৌজদারী অপরাধে আদালত কর্তৃক দণ্ড প্রাপ্ত জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন মজনুকে এডহক কমিটিতে সভাপতি নির্বাচন সংক্রান্ত। | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন মজনু অত্র মাদরাসায় বিগত দিনে সদস্য ও সভাপতির দায়িত্ব পালন করেছেন। বন বিভাগ, ময়মনসিংহ কর্তৃক মিন্টু ফকির গং এর বিরুদ্ধে সিআর মামলা নং-৫৩(৩)১১ দায়ের করেন। উক্ত মামলার রায়ের প্রেক্ষিতে মিন্টু ফকির গং আপিল মোকদ্দমা নং-ক্রিমিনাল আপিল ৪০/১৬ দায়ের করায় বিজ্ঞ নিম্ন আদালত কর্তৃক বিগত ১৩/০১/২০১৬ খ্রিঃ তারিখের প্রচারিত রায় ও দন্ডাদেশ বিজ্ঞ অতিরিক্ত দায়রা জজ ১ম আদালত, ময়মনসিংহ কর্তৃক রদ ও রহিত করে আসামীগণকে মূল মামলার অভিযোগের দায় হতে খালাস প্রদান করেন। (কপি সংযুক্ত)। | জনাব মোঃ মোয়াজ্জম হোসেন মজনুকে বিজ্ঞ অতিরিক্ত দায়রা জজ ১ম আদালত, ময়মনসিংহ কর্তৃক মূল মামলার অভিযোগের দায় হতে খালাস প্রদান করা হয়েছে। |
| ০৩ | সাবেক সভাপতি জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন মজনু এর দূর্নীতি ও বিধিবর্হিভূতভাবে ভারপ্রাপ্ত সুপার নিয়োগ সংক্রান্ত | তৎকালীন সময়ে বিধিবর্হিভূত ভারপ্রাপ্ত সুপার নিয়োগ সংক্রান্ত বিষয়ে বর্তমান সুপার লিখিত বক্তব্যে প্রদান করেছেন। তার বক্তব্যে তৎকালীন সময়ে বিধিমোতাবেক নিয়োগ প্রদান করা হয়েছে মর্মে তিনি লিখিত বক্তব্য প্রদান করেন। দূর্নীতি সংক্রান্ত বিষয়ে বর্তমান সুপার এবং সাবেক সভাপতি লিখিত বক্তব্য পেশ করেছেন। দূর্নীতি ও পত্রিকায় প্রকাশিত বিষয়টি সাবেক সভাপতি অস্বীকার করেন। | তৎকালীন সময়ে ভারপ্রাপ্ত সুপার নিয়োগ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। |

উপসংহার ঃ উপরোক্ত বিষয়াদি পর্যালোচনা করে দেখা যায় যে, বাদী কর্তৃক আনীত অভিযোগসমূহ নিম্নস্বাক্ষরকারীর নিকট সঠিক নয় বলে প্রতীয়মান হয়েছে। বিষয়াদি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হলো।

(মোঃ চাঁন মিয়া)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ভালুকা, ময়মনসিংহ।

উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।